**THE INSTITUTE OF BANKERS, BANGLADESH (IBB)**
**96th Banking Professional Examination, 2023**
**JAIBB**
**Monetary and Financial System (MAFS)**

**Subject Code : 1 0 1**

Time—3 hours
Full marks—100
**Pass marks—45**

[*N.B. The figures in the right margin indicate full marks. Answer any* **five** questions.]

Marks

1. *(a)* How money supply is measured? Compare and contrast M1 and M2 money supply. 1+4=5

*(b)* From the following information, measure the monetary aggregates of M1 and M2: 5

| **Items** | **Value as of December 2022** (billion taka) |
|---|---|
| Currency in circulation | 2923·60 |
| Currency in tills of DMBs | 241·80 |
| Demand deposits | 1837·40 |
| Other checkable deposits | 6·20 |
| Time deposits | 13054·30 |
| Money market mutual fund | 10·50 |

*(c)* Clarify 2 (two) determinants of money supply. Can monetary authority/central bank directly control money supply? Explain. 4+6=10

2. *(a)* Do you think the Bangladesh Bank is considered as supreme monetary and banking authority? Discuss with its mandates under Bangladesh Bank Order, 1972. 10

*(b)* What is financial stability? How central bank acts as Lender Of Last Resort (LOLR) to maintain financial stability? 4+6=10

3. *(a)* Distinguish between 'debit card' and 'credit card'. Describe pros and cons of using a cheque as a payment method. 5+5=10

*(b)* What is QR code? Recently Bangladesh Bank introduced an interoperable Bangla QR to popularize payments for goods and services using various payment instruments, including bank accounts, debit, credit or prepaid cards, MFS and e-wallet accounts. Do you think that we are heading towards a cashless society in the near future? Give your opinion. 1+4=5

*(c)* If you use a 'credit card' to purchase goods or services on the internet, does this affect the M1 or M2 money supply or both or neither? Explain. 5

4. *(a)* What are the constituents of monetary system? Briefly discuss the commercial banks role in the process of the money supply. [Hint: T-account or formula and reserve requirement.] 2+8=10

*(b)* What constitutes the monetary base? How does the central bank control the monetary base? 4+6=10

[*Please turn over*

Marks

5. *(a)* What is a financial system? Which components constitute a financial system? 2+8=10

*(b)* Explain financial development in brief. How you can measure the financial development of a country? Illustrate with 3 different methods. 4+6=10

6. *(a)* Using a supply and demand framework for bonds, show why interest rates are procyclical (rising when the economy is expanding and falling during recessions). Show the effect on interest rates when the risk of loss of bonds rise under the same framework. 5+5=10

*(b)* What is the discount yield for a five year bond that was purchased for Tk. 60 and has a face value of Tk. 100. 5

*(c)* The average industry PE ratio for hotels similar to Shangri-La hotel Chain is 37. What is the current price of Shangri-La's earnings per share (EPS) are projected to be Tk. 1·16? 5

7. *(a)* Explain how Banking Financial Institutions (BFIs) and Non-bank Financial Institutions (NBFIs) serve as financial intermediaries. 10

*(b)* Outline the functions and growth of NBFIs in Bangladesh. 10

8. *(a)* At the current state of globalization, every country is internationally connected. What do you know about global integration of the financial market? 5

*(b)* What is the role of the foreign exchange market in the global financial market? 5

*(c)* Define 'balance on current account' and 'basic balance' in international balance of payments. 5

*(d)* Which of the following transactions would increase a current deficit? 5

*(i)* An increase in foreign travels
*(ii)* More long term borrowing by government
*(iii)* A decrease in export
*(iv)* A decrease in import
*(v)* An increase in remittance abroad.

9. *(a)* Briefly explain the basic fundamentals of Shari'ah Law? List major principles that must be followed while developing Shari'ah complaint products. 3+4=7

*(b)* List Shari'ah complaint Islamic banking products outlining Shari'ah principles. 5

*(c)* What do you know about Shari'ah governance in an Islamic financial institution? Outline the key players and their role in a 'Shari'ah governance framework'. 8

10. Please write short notes on any **five** of following topics: 4×5=20

*(a)* Monetary Policy Statement (MPS)
*(b)* Trust-cum-settlement Account
*(c)* Sustainable Finance
*(d)* Manage Float Exchange Rate System
*(e)* OTC market
*(f)* MRA
*(g)* Mobile Financial Service (MFS)
*(h)* E-money.

[বাংলা অনুবাদ]

[দ্রষ্টব্যঃ ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। (ক) অর্থ সরবরাহ কীভাবে পরিমাপ করা হয়? M1 এবং M2 অর্থ সরবরাহের মধ্যে তুলনা ও বৈসাদৃশ্য উল্লেখ করুন। ১+৪=৫

(খ) নিম্নবর্ণিত তথ্য হতে M1 এবং M2 আর্থিক সমষ্টি হিসাব করুন: ৫

| দফা | ডিসেম্বর, ২০২২ (বিলিয়ন টাকা) |
|---|---|
| প্রচলনে মুদ্রা | ২৯২৩·৬০ |
| DMB এর টিলস্ এ রক্ষিত মুদ্রা | ২৪১·৮০ |
| চাহিদা আমানত | ১৮৩৭·৪০ |
| অন্যান্য চেকযোগ্য আমানত | ৬·২০ |
| মেয়াদি আমানত | ১৩০৫৪·৩০ |
| মানি মার্কেট মিচ্যুয়াল ফান্ড | ১০·৫০ |

(গ) অর্থ সরবরাহের দুইটি নির্ধারক স্পষ্টরূপে বর্ণনা করুন। মনিটারি অথরিটি বা কেন্দ্রীয় ব্যাংক কি সরাসরি অর্থ সরবরাহ নিয়ন্ত্রণ করতে পারে? ব্যাখ্যা করুন। ৪+৬=১০

২। (ক) আপনি কি মনে করেন বাংলাদেশ ব্যাংক মুদ্রা ও ব্যাংকিং ব্যবস্থার সর্বোচ্চ বিধায়ক? অনুগ্রহ করে বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ এ উহাকে প্রদত্ত ক্ষমতা বিশ্লেষণপূর্বক আলোচনা করুন। ১০

(খ) আর্থিক স্থিতিশীলতা কী? আর্থিক স্থিতিশীলতা রক্ষায় কেন্দ্রীয় ব্যাংক কীভাবে লেন্ডার অব লাস্ট রিসোর্ট হিসেবে ভূমিকা পালন করে? ৪+৬=১০

৩। (ক) 'ডেবিট কার্ড' এবং 'ক্রেডিট কার্ড' এর মধ্যে পার্থক্য করুন। পেমেন্ট মেথড্ হিসেবে চেক ব্যবহারের সুবিধা ও অসুবিধাগুলো কী কী? ৫+৫=১০

(খ) কিউআর কোড কী? ব্যাংক হিসাব, ডেবিট, ক্রেডিট বা প্রিপেইড কার্ড, এমএফএস ও ই-ওয়ালেট হিসাবসহ বিভিন্ন অর্থ প্রদানের উপায় ব্যবহার করে পণ্য ও পরিষেবা ক্রয়ে অর্থ আদান-প্রদান জনপ্রিয় করতে সম্প্রতি বাংলাদেশ ব্যাংক একটি আন্তঃপরিচালনযোগ্য বাংলা কিউআর কোড চালু করেছে। আপনি কি মনে করেন আমরা অদূর ভবিষ্যতে একটি ক্যাশলেস সমাজের দিকে এগিয়ে যাচ্ছি? মতামত দিন্। ১+৪=৫

(গ) আপনি যদি অনলাইনে পণ্য ও পরিষেবা ক্রয় করতে ক্রেডিট কার্ডের মাধ্যমে মূল্য পরিশোধ করেন তাহলে তা কি M1 কিংবা M2 অর্থ যোগান কিংবা উভয়কে প্রভাবিত করবে, না কি কোনটিতেই প্রভাব রাখবে না? ব্যাখ্যা করুন। ৫

৪। (ক) মুদ্রা ব্যবস্থার উপাদানগুলো কী কী? অর্থ সরবরাহ প্রক্রিয়ায় বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা সংক্ষেপে আলোকপাত করুন। [ইঙ্গিত:টি-হিসাব বা সূত্র, রিজার্ভ রিকোয়ারমেন্ট] ২+৮=১০

(খ) মনিটারি বেস কীভাবে গঠিত হয়? কেন্দ্রীয় ব্যাংক কীভাবে মনিটারি বেস নিয়ন্ত্রণ করে? ৪+৬=১০

৫। (ক) আর্থিক ব্যবস্থা বলতে কী বুঝায়? কোন কোন উপাদান একটি আর্থিক ব্যবস্থা গঠন করে? ২+৮=১০

(খ) সংক্ষেপে আর্থিক উন্নয়ন বিষয়টি ব্যাখ্যা করুন। আপনি কীভাবে একটি দেশের আর্থিক উন্নয়ন পরিমাপ করবেন? তিনটি পদ্ধতি উল্লেখপূর্বক ব্যাখ্যা করুন। ৪+৬=১০

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

৬। (ক) বন্ডের যোগান ও চাহিদা ফ্রেমওয়ার্ক বিশ্লেষণ করতঃ 'সুদের হার কেন প্রোসাইক্লিক্যাল?' (অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বৃদ্ধি পায় এবং মন্দায় হ্রাস পায়) ব্যাখ্যা করুন। একই ফ্রেমওয়ার্কে বন্ডের ঝুঁকি বাড়লে সুদের হারের উপর উহার কি প্রভাব পড়ে তা আলোচনা করুন। ৫+৫=১০

(খ) ১০০ টাকা ফেস্ ভ্যালু সম্বলিত বন্ডের ক্রয়মূল্য ৬০ টাকা হলে, ৫ (পাঁচ) বছর মেয়াদি এরূপ বন্ডের ডিসকাউন্ট ইল্ড (Discount yield) নির্ণয় করুন। ৫

(গ) Shangri-La হোটেল চেইনের অনুরূপ হোটেল খাতের গড় প্রাইজ্ আর্নিংস্ অনুপাত (P/E ratio) ৩৭। Shangri-La হোটেলের অভিক্ষিপ্ত (Projected) আর্নিংস্ পার শেয়ার (EPS.) ১.১৬ টাকা হলে উহার চলতি মূল্য (Current price) কত হবে? ৫

৭। (ক) ব্যাংকিং ফিন্যান্সিয়াল ইনস্টিটিউট (বিএফআই) এবং নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইনস্টিটিউট (এনবিএফআই) কীভাবে আর্থিক মধ্যস্থতাকারী (ইন্টারমিডিয়ারি) হিসেবে কাজ করে? ব্যাখ্যা করুন। ১০

(খ) বাংলাদেশে নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইনস্টিটিউট (এনবিএফআই) এর কার্যাবলি এবং এ সেক্টরের প্রবৃদ্ধি উন্নয়ন সম্পর্কে আলোচনা করুন। ১০

৮। (ক) বিশ্বায়নের এ যুগে প্রতিটি দেশ আন্তর্জাতিকভাবে সম্পর্কিত। আর্থিক বাজারের আন্তর্জাতিক ইন্ট্রিগেশন বলতে আপনি কী বুঝেন? ৫

(খ) আন্তর্জাতিক আর্থিক বাজারে বৈদেশিক মুদ্রা বাজারের ভূমিকা কী? ৫

(গ) আন্তর্জাতিক ব্যালেন্স অব পেমেন্ট অনুসারে 'কারেন্ট একাউন্ট ব্যালেন্স' এবং 'বেসিক ব্যালেন্স' এর সংজ্ঞা দিন। ৫

(ঘ) নিচের কোন লেনদেন কারেন্ট একাউন্ট ব্যালেন্সের ঘাটতি বৃদ্ধি করবে? ৫

(অ) বিদেশ ভ্রমণ বৃদ্ধি
(আ) সরকার কর্তৃক দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ বৃদ্ধি
(ই) রপ্তানি হ্রাস
(ঈ) আমদানি হ্রাস
(উ) বিদেশে রেমিটেন্স প্রেরণ বৃদ্ধি।

৯। (ক) শরীয়াহ্ আইনের মৌলিক মূলনীতি সংক্ষেপে ব্যাখ্যা করুন। শরীয়াহ্ সম্মত প্রোডাক্ট প্রচলনের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় মূলনীতিগুলোর তালিকা উপস্থাপন করুন। ৩+৪=৭

(খ) ইসলামিক আমানত ও বিনিয়োগ প্রোডাক্টসমূহ কী কী তা শরীয়াহ্ মূলনীতি ভিত্তিক পৃথকপূর্বক উপস্থাপন করুন। ৫

(গ) ইসলামিক আর্থিক প্রতিষ্ঠানের 'শরীয়াহ্ গভর্নেন্স ফ্রেমওয়ার্ক' সম্পর্কে আপনি কী জানেন? 'শরীয়াহ্ গভর্নেন্স ফ্রেমওয়ার্ক' এর মূল প্লেয়ার্স এবং তাদের ভূমিকা সম্পর্কে বিস্তারিত লিখুন। ৮

১০। নিম্নের যে কোনো পাঁচটি বিষয়ে ব্যাখ্যামূলক টীকা লিখুন: ৪×৫=২০

(ক) মনিটারি পলিসি স্টেটমেন্ট
(খ) ট্রাস্ট-কাম-সেটেলমেন্ট একাউন্ট
(গ) সাসটেইনেবল ফিন্যান্স
(ঘ) নিয়ন্ত্রিত ভাসমান বিনিময় হার ব্যবস্থা
(ঙ) ওটিসি মার্কেট
(চ) এমআরএ
(ছ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস)
(জ) ই-মানি।